সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/ ৬০৬ তারিখঃ ১২ নভেম্বর, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ চট্টগ্রাম বন্দরের মাধ্যমে বিজিএমইএ'র সদস্য কর্তৃক আনীত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

সূত্রঃ বিজিএমইএ'র সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/২৯৬ তারিখঃ ০৪/১১/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। চট্টগ্রাম বন্দরের ১৪টি সিএফএস/শেড এলসিএল কার্গো দ্বারা সবসময় পরিপূর্ণ থাকে, যার অধিকাংশই বিজিএমইএ ও বিকেএমইএ'র সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত। এ সকল সিএফএস/শেড থেকে এলসিএল কার্গো ডেলিভারী হয়ে খালিস্থান সৃষ্টি না হওয়াতে নতুন আমদানিকৃত কন্টেইনার আনস্টাফিং করা যায় না। এসব এলসিএল পণ্য ডেলিভারী দেওয়ার জন্য চট্টগ্রাম বন্দর শুক্রবার, শনিবারসহ সরকারি ছুটির দিনগুলোতেও ২৪/৭ ভিত্তিতে খোলা রাখা হচ্ছে। এ বিষয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃক প্রেরিত পত্র প্রাপ্তি সাপেক্ষে সার্কুলারের মাধ্যমে আপনাদেরকে নিয়মিত অনুরোধ জানানো হয়েছে। সুত্রোক্ত সার্কুলারের মাধ্যমে দ্রুত পণ্য খালাস নেয়ার জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হয়েছিল।

এতদ্বসত্ত্বেও আমদানিকৃত পণ্যের বিপরীতে খালাস নেয়া পণ্যের পরিমাণ আশানুরূপ না হওয়াতে আনস্টাফিং কন্টেইনারের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে, যা বন্দর পরিচালনার স্বাভাবিক কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি করছে। তাই বন্দর কর্তৃপক্ষ সময় সময় পত্র প্রেরণসহ মৌখিকভাবে অনুরোধ করে যাচ্ছে।

এমতাবস্থায়, আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত এলসিএল পণ্য জরুরী ভিত্তিতে খালাস করার নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব

সংযুক্তিঃ বর্ণনামতে।

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/২৯৬ তারিখঃ ৪ নভেম্বর, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ শুক্রবার, শনিবার ও সরকারী ছুটির দিনসমূহে চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

সূত্রঃ চবকের পত্র নং-টিএম/এলসিএল/কার্গো/দ্রুত-ডেলিভারী/২১/২৯৪৬ তারিখঃ ০৩/১১/২০২৬ইং (কপি সংযুক্ত)।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। সূত্রোক্ত পত্র মারফত জানা যায় যে, গত ০৩/১১/২০২৬ইং তারিখে বন্দরের ১৪টি সিএফএস/শেড এলসিএল কার্গো দ্বারা পরিপূর্ণ ছিল যার অধিকাংশই বিজিএমইএ/বিকেএমইএ এর সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত। এ সকল সিএফএস/শেড থেকে এলসিএল কার্গো ডেলিভারী হয়ে খালিস্থান সৃষ্টি না হওয়াতে ২১২১ টিইউএস কন্টেইনার এলসিএল পণ্য আনস্টাফিং করা যাচ্ছে না। এ সকল এলসিএল পণ্য ডেলিভারী প্রদানের জন্য চট্টগ্রাম বন্দর শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিনসমূহে ২৪/৭ ভিত্তিতে খোলা রয়েছে।

এমতাবস্থায়, আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত এলসিএল পণ্য জরুরী ভিত্তিতে খালাস করার নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব

সংযুক্তিঃ সূত্রমতে।